বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
বান্দরবান।
(Web: ksibandarban.portal.gov.bd, Facebook: Ksi Bandarban)

## মুজিববর্ষ অনলাইনভিত্তিক বর্ষবরণ সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ১৪২৮'এর বিজ্ঞপ্তি

**শুভ বাংলা নববর্ষ ১৪২৮ ও সাংগ্রাইং-বিজু-বৈসু উৎসব** উদ্‌যাপন উপলক্ষে বান্দরবান ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের সংস্কৃতি শাখার উদ্যোগে নিম্নবর্ণিত বিষয়সমূহের উপর **মুজিববর্ষ অনলাইনভিত্তিক বর্ষবরণ সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ১৪২৮** কর্মসূচি গ্রহণ করা হয়েছে। আগ্রহী ছাত্রছাত্রী ও শিল্পীগণকে এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য আহ্বান জানানো হচ্ছে।

| শাখা | প্রতিযোগীর শ্রেণি | প্রতিযোগিতার বিষয় | |
|---|---|---|---|
| 'ক' | প্রাথমিক বিদ্যালয় ও কিন্ডারগার্টেন স্কুলের ছাত্রছাত্রী | ১) | সাংগ্রাইং-বিজু-বৈসু সংগীত |
| | | ২) | বাংলা বর্ষবরণ সংগীত |
| | | ৩) | নৃত্য (সাংগ্রাইং-বিজু-বৈসু সংগীতে নৃত্য) |
| | | ৪) | নৃত্য (বাংলা বর্ষবরণ সংগীতে নৃত্য) |
| | | ৫) | কবিতা আবৃত্তি : নববর্ষের বার্তা<br>কবি : ফয়জুল কবীর |
| | | ৬) | চিত্রাঙ্কন : পেন্সিল স্কেচ (বর্ষবরণ উৎসবভিত্তিক চিত্র) |
| | | ৭) | বক্তৃতা (বাংলায়) : বর্ষবরণ আমার প্রিয় উৎসব |
| | | ৮) | বক্তৃতা : বর্ষবরণ আমার প্রিয় উৎসব<br>(ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রতিযোগীদের নিজ নিজ মাতৃভাষায়) |
| | | ৯) | রচনা (বাংলায়) : বর্ষবরণ আমার প্রিয় উৎসব |
| | | ১০) | রচনা : বর্ষবরণ আমার প্রিয় উৎসব<br>(ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রতিযোগীদের নিজ নিজ মাতৃভাষার বর্ণমালায়) |
| 'খ' | উচ্চ বিদ্যালয় ও জুনিয়র হাই স্কুলের ছাত্রছাত্রী | ১) | সাংগ্রাইং-বিজু-বৈসু সংগীত |
| | | ২) | বাংলা বর্ষবরণ সংগীত |
| | | ৩) | নৃত্য (সাংগ্রাইং-বিজু-বৈসু সংগীতে নৃত্য) |
| | | ৪) | নৃত্য (বাংলা বর্ষবরণ সংগীতে নৃত্য) |
| | | ৫) | কবিতা আবৃত্তি : বর্ষবরণ<br>কবি : মুহাম্মাদ মিজানুর রহমান |
| | | ৬) | চিত্রাঙ্কন : পেন্সিল স্কেচ (বর্ষবরণ উৎসবভিত্তিক চিত্র) |
| | | ৭) | বক্তৃতা (বাংলায়) : পার্বত্য অঞ্চলের সাংস্কৃতিক বৈচিত্র্য ও বর্ষবরণ উৎসব |
| | | ৮) | বক্তৃতা : পার্বত্য অঞ্চলের সাংস্কৃতিক বৈচিত্র্য ও বর্ষবরণ উৎসব<br>(ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রতিযোগীদের নিজ নিজ মাতৃভাষায়) |
| | | ৯) | রচনা (বাংলায়) : পার্বত্য অঞ্চলের সাংস্কৃতিক বৈচিত্র্য ও বর্ষবরণ উৎসব |
| | | ১০) | রচনা : পার্বত্য অঞ্চলের সাংস্কৃতিক বৈচিত্র্য ও বর্ষবরণ উৎসব<br>(ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রতিযোগীদের নিজ নিজ মাতৃভাষার বর্ণমালায়) |
| 'গ' | কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী | ১) | সাংগ্রাইং-বিজু-বৈসু সংগীত |
| | | ২) | বাংলা বর্ষবরণ সংগীত |
| | | ৩) | নৃত্য (সাংগ্রাইং-বিজু-বৈসু সংগীতে নৃত্য) |
| | | ৪) | নৃত্য (বাংলা বর্ষবরণ সংগীতে নৃত্য) |

| শাখা | প্রতিযোগীর শ্রেণি | | প্রতিযোগিতার বিষয় |
|---|---|---|---|
| ‘গ’ | কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী | ৫) | কবিতা আবৃত্তি : নববর্ষে<br>কবি : রবীন্দ্রনাথ ঠাকুর |
| | | ৬) | চিত্রাঙ্কন : পেন্সিল স্কেচ (বর্ষবরণ উৎসবভিত্তিক চিত্র) |
| | | ৭) | বক্তৃতা (বাংলায়) : বর্ষবরণ উৎসব আমার সাংস্কৃতিক ঐতিহ্য |
| | | ৮) | বক্তৃতা : বর্ষবরণ উৎসব আমার সাংস্কৃতিক ঐতিহ্য<br>(ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রতিযোগীদের নিজ নিজ মাতৃভাষায়) |
| | | ৯) | রচনা (বাংলায়) : বর্ষবরণ উৎসব আমার সাংস্কৃতিক ঐতিহ্য |
| | | ১০) | রচনা : বর্ষবরণ উৎসব আমার সাংস্কৃতিক ঐতিহ্য<br>(ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রতিযোগীদের নিজ নিজ মাতৃভাষার বর্ণমালায়) |

বিঃ দ্রঃ - সাংগ্রাইং-বিজু-বৈসু সংগীত ও নৃত্য বান্দরবান পার্বত্য জেলার চাকমা, মারমা, ত্রিপুরা, ম্রো, তঞ্চঙ্গ্যা, খেয়াং, চাক ও খুমী প্রতিযোগীদের জন্য প্রযোজ্য। বাংলা বর্ষবরণ সংগীত ও নৃত্য সবার জন্য উন্মুক্ত।

## প্রতিযোগিতার নিয়মাবলি

ক) বান্দরবান পার্বত্য জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্রছাত্রীগণ নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে, স্থানীয় সাংস্কৃতিক সংগঠন বা শিল্পী গোষ্ঠীর অন্তর্ভুক্ত শিল্পীগণ নিজ নিজ সংগঠন বা গোষ্ঠীর প্রধানের মাধ্যমে এবং বান্দরবান পার্বত্য জেলার বাসিন্দা তবে দেশের অন্যত্র বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত এমন ছাত্রছাত্রীগণ সরাসরি এ ইনস্টিটিউটের সংস্কৃতি শাখায় অফিস চলাকালে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নাম জমাদান করতে পারবে (চিত্রাঙ্কন ও রচনা ব্যতীত)। dir.ksibban@gmail.com ঠিকানায় ই-মেইলযোগে এবং Ksi Bandarban ফেসবুক প্রোফাইলে মেসেঞ্জার মারফতও নাম জমাদান করা যাবে। নাম জমাদানের ক্ষেত্রে প্রতিযোগীর নাম, স্কুল পর্যায়ে হলে অধ্যয়নরত শ্রেণি, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে হলে বর্ষ ও ডিগ্রির নাম (স্নাতক বা সম্মান অথবা স্নাতকোত্তর ডিগ্রির নাম এবং বিভাগের নাম), শিক্ষা প্রতিষ্ঠানের নাম এবং প্রতিযোগিতার বিষয় উল্লেখ করতে হবে। এছাড়াও মোবাইল ফোনের নম্বর এবং ফেসবুক আইডি জমাদান করতে হবে। E-mail ঠিকানাও দেওয়া যাবে।

খ) প্রতিযোগীগণের নিজস্ব Laptop অথবা Android Phone বা Smart Phone থাকা কিংবা অনুরূপ সরঞ্জাম ব্যবহারের সুবিধা থাকা আবশ্যক।

গ) চিত্রাঙ্কন ও রচনা ব্যতীত অন্য সকল বিষয়ের ক্ষেত্রে প্রতিযোগীগণের নাম জমাদানের শেষ সময়সীমা : **০২ এপ্রিল ২০২১ শুক্রবার।**

ঘ) চিত্রাঙ্কন ও রচনা ব্যতীত অন্য সকল বিষয়ের প্রতিযোগিতাই অনলাইনে অনুষ্ঠিত হবে। **মুজিববর্ষ অনলাইনভিত্তিক বর্ষবরণ সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ১৪২৮ Zoom Meeting ID 338 173 4174 Passcode 123456** লিঙ্কে সংযুক্ত হয়ে প্রতিযোগীগণকে নিজ নিজ বাসা কিংবা সুবিধাজনক অবস্থান থেকে অনলাইনে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে। প্রতিযোগিতার জন্য নাম জমাদানকারী প্রত্যেক প্রতিযোগীকে সংশ্লিষ্ট প্রতিযোগিতার সরাসরি লিঙ্ক প্রতিযোগীর ফেসবুক আইডিতে মেসেঞ্জার মারফত প্রেরণ করা হবে।

ঙ) চিত্রাঙ্কনের ছবি ও রচনা হার্ডকপি আকারে নির্ধারিত সময়সীমার মধ্যে এ ইনস্টিটিউটের সংস্কৃতি শাখায় অফিস চলাকালে প্রেরণ/ জমাদান করতে হবে। বিলম্বে প্রাপ্ত ছবি বা রচনা বাতিল বলে গণ্য হবে।

চ) রচনা প্রতিযোগীর স্বরচিত হতে হবে। রচনা A4 সাইজের সাদা কাগজে নিজ হাতে স্পষ্ট অক্ষরে লিখে ‘পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান’এর বরাবরে পাঠাতে হবে/ জমা দিতে হবে। একাধিক কাগজ ব্যবহার করা যাবে। তবে কাগজের উভয় পৃষ্ঠা ব্যবহার করা যাবে না; করলে অযোগ্য বা ডিসকোয়ালিফাইড বলে গণ্য হবে। রচনার শব্দ সংখ্যা ক-শাখায় ২৫০-৩০০ শব্দ, খ-শাখায় ৪০০-৪৫০ শব্দ এবং গ-শাখা ৫৫০-৬০০ শব্দ হতে হবে; অন্যথায় প্রতিযোগিতার জন্য অযোগ্য বা ডিসকোয়ালিফাইড বলে

গণ্য হবে। মূল রচনার কোন পৃষ্ঠায় প্রতিযোগীর নাম বা পরিচিতি লিখা যাবে না। রচনার সাথে পৃথক কাগজে প্রতিযোগীর নাম, স্কুল পর্যায়ে হলে অধ্যয়নরত শ্রেণি, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে হলে বর্ষ ও ডিগ্রির নাম (স্নাতক বা সম্মান অথবা স্নাতকোত্তর ডিগ্রির নাম এবং বিভাগের নাম), শিক্ষা প্রতিষ্ঠানের নাম, মোবাইল ফোনের নম্বর ও ফেসবুক আইডি লিখে এবং তাতে তারিখসহ স্বাক্ষর করে পাঠাতে হবে।

ছ) প্রতিযোগীর নিজ হাতে চিত্রাঙ্কন করতে হবে। ১১" × ১৬" সাইজের কার্টিজ পেপারে চিত্রাঙ্কন করে 'পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান'এর বরাবরে পাঠাতে হবে/ জমা দিতে হবে। চিত্রাঙ্কনের কাগজের কোন পৃষ্ঠায় প্রতিযোগীর নাম বা পরিচিতি লিখা যাবে না। ছবির সাথে পৃথক কাগজে প্রতিযোগীর নাম, স্কুল পর্যায়ে হলে অধ্যয়নরত শ্রেণি, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে হলে বর্ষ ও ডিগ্রির নাম (স্নাতক বা সম্মান অথবা স্নাতকোত্তর ডিগ্রির নাম এবং বিভাগের নাম), শিক্ষা প্রতিষ্ঠানের নাম, মোবাইল ফোনের নম্বর ও ফেসবুক আইডি লিখে এবং তাতে তারিখসহ স্বাক্ষর করে পাঠাতে হবে।

জ) সাংগ্রাইং-বিজু-বৈসু সংগীতে নৃত্য বিষয়টি ৪ জনের দলীয় নৃত্য। প্রতিযোগিতার অন্যান্য সকল বিষয়ই একক প্রতিযোগীর।

ঝ) একক প্রতিযোগিতার বিষয়ের ক্ষেত্রে কমপক্ষে ৩ জন প্রতিযোগী এবং দলীয় প্রতিযোগিতার বিষয়ের ক্ষেত্রে কমপক্ষে ৩টি দল অংশগ্রহণ না করলে সে বিষয়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে না।

ঞ) একজন প্রতিযোগী সর্বাধিক ৩টি বিষয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। ৩টি বিষয়ের অধিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করলে সংশ্লিষ্ট প্রতিযোগীর সকল ফলাফল বাতিল করা হবে।

ট) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান/ শিল্পী গোষ্ঠী থেকে একক প্রতিযোগিতার বিষয়ের ক্ষেত্রে একটি বিষয়ে অনধিক ৫ জন প্রতিযোগী ও দলীয় প্রতিযোগিতার বিষয়ের ক্ষেত্রে একটি বিষয়ে অনধিক ৫টি দল অংশগ্রহণ করতে পারবে।

ঠ) এক শাখার প্রতিযোগী অন্য শাখার প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না।

ড) দলীয় নৃত্য বিষয়ের প্রতিযোগিতার ক্ষেত্রে এক দলের প্রতিযোগী অন্য দলে অংশগ্রহণ করতে পারবে না।

ঢ) সাংগ্রাইং-বিজু-বৈসু সংগীত এবং বর্ষবরণ সংগীত ভিন্ন অন্য কোন সংগীত কিংবা অনুরূপ সংগীতে নৃত্য পরিবেশন করলে প্রতিযোগিতার জন্য অযোগ্য (ডিসকোয়ালিফাইড) বলে গণ্য হবে।

ণ) সাংগ্রাইং-বিজু-বৈসু সংগীত, সাংগ্রাইং-বিজু-বৈসু সংগীতে নৃত্য, ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রতিযোগীদের নিজ নিজ মাতৃভাষায় বক্তৃতা ও ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রতিযোগীদের নিজ নিজ মাতৃভাষার বর্ণমালায় রচনা ব্যতীত প্রতিযোগিতার অন্য সকল বিষয়ই সবার জন্য উন্মুক্ত।

ত) কবিতা মুখস্থ আবৃত্তি করতে হবে; অন্যথায় আবৃত্তির জন্য অযোগ্য (ডিসকোয়ালিফাইড) বলে গণ্য হবে।

থ) লিখিত বক্তৃতা পাঠ করা যাবে না; লিখিত বক্তৃতা পাঠ করলে অযোগ্য (ডিসকোয়ালিফাইড) বলে গণ্য হবে।

দ) প্রতিযোগিতার বিভিন্ন বিষয়ের মান নির্ধারণকারী বিচারক কমিটিসমূহ কর্তৃক ঘোষিত ফলাফলই চূড়ান্ত।

ধ) প্রতিযোগিতার প্রতিটি শাখায় প্রতিটি বিষয়ে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় এবং প্রতিটি শাখার জন্য সার্বিক নৈপুণ্যের ভিত্তিতে 'গ্রুপ চ্যাম্পিয়ান' পুরস্কার প্রদান করা হবে। তবে কমপক্ষে একটি বিষয়ে প্রথম পুরস্কার না পেলে কিংবা একাধিক বিষয়ে পুরস্কার না পেলে 'গ্রুপ চ্যাম্পিয়ান' পুরস্কার প্রদান করা হবে না। পয়েন্ট বণ্টন : প্রথম ৫, দ্বিতীয় ৩ এবং তৃতীয় ১।

ন) প্রতিযোগিতা এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অংশগ্রহণকারী প্রতিযোগীগণকে যাতায়াত বা অন্যান্য রাহা খরচ বাবদ কোন প্রকার টিএ/ ডিএ/ ভাতা প্রদান করা হবে না।

প) বিজয়ী প্রতিযোগীগণকে বা ছাত্রছাত্রীগণকে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে স্বয়ং হাজির হয়ে নিজ নিজ পুরস্কার ও প্রশংসা পত্র গ্রহণ করতে হবে।

ফ) পুরস্কার বিতরণী অনুষ্ঠানে কেবল পুরস্কার বিজয়ী প্রতিযোগীগণকে (চিত্রাঙ্কন ও রচনা ব্যতীত) পুরস্কার ও প্রশংসা পত্রের সাথে অনলাইন প্রতিযোগিতায় অংশগ্রহণকালীন মোবাইল ডাটা বাবদ জনপ্রতি ৫০/- (পঞ্চাশ) টাকা হারে প্রদান করা হবে।

ব) পুরস্কার ও প্রশংসা পত্র বিতরণী এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের সম্ভাব্য সময়সূচি : প্রতিযোগিতার ফলাফলের সাথে জানিয়ে দেওয়া হবে।

## প্রতিযোগিতার সময়সূচি

| তারিখ ও বার | সময় | প্রতিযোগিতার বিষয় |
|---|---|---|
| ০৩.০৪.২০২১ শনিবার | সকাল ০৯.৩০টা (আরম্ভ) | ত্রিপুরা বৈসু সংগীত |
| | সকাল ১১.৩০টা (আরম্ভ) | ত্রিপুরা বৈসু সংগীতে নৃত্য |
| | দুপুর ০২.৩০টা (আরম্ভ) | ম্রো চাংক্রান সংগীত |
| | বিকাল ০৪.০০টা (আরম্ভ) | ম্রো চাংক্রান সংগীতে নৃত্য |
| ০৪.০৪.২০২১ রবিবার | সকাল ০৯.৩০টা (আরম্ভ) | চাকমা বিজু সংগীত |
| | সকাল ১১.৩০টা (আরম্ভ) | চাকমা বিজু সংগীতে নৃত্য |
| | দুপুর ০২.৩০টা (আরম্ভ) | মারমা সাংগ্রাইং সংগীত |
| | বিকাল ০৪.০০টা (আরম্ভ) | মারমা সাংগ্রাইং সংগীতে নৃত্য |
| ০৫.০৪.২০২১ সোমবার | সকাল ০৯.৩০টা (আরম্ভ) | বাংলা বর্ষবরণ সংগীত |
| | দুপুর ০২.৩০টা (আরম্ভ) | নৃত্য (বাংলা বর্ষবরণ সংগীতে নৃত্য) |
| | বিকাল ০৫.০০টা (হার্ডকপি জমাদানের শেষ সময়সীমা) | রচনা : নির্ধারিত বিষয় --- খুমী, মারমা, ত্রিপুরা, চাক, তঞ্চঙ্গ্যা ও ম্রো বর্ণমালায় |
| | | রচনা (বাংলায়) : নির্ধারিত বিষয় |
| | | চিত্রাঙ্কন : পেন্সিল স্কেচ --- বর্ষবরণ উৎসবভিত্তিক চিত্র |
| ০৬.০৪.২০২১ মঙ্গলবার | সকাল ০৯.৩০টা (আরম্ভ) | তঞ্চঙ্গ্যা বিষু সংগীত |
| | সকাল ১১.৩০টা (আরম্ভ) | তঞ্চঙ্গ্যা বিষু সংগীতে নৃত্য |
| | দুপুর ০২.৩০টা (আরম্ভ) | খেয়াং সাংরান সংগীত |
| | বিকাল ০৪.০০টা (আরম্ভ) | খেয়াং সাংরান সংগীতে নৃত্য |
| ০৭.০৪.২০২১ বুধবার | সকাল ০৯.৩০টা (আরম্ভ) | চাক সাংগ্রাইং সংগীত |
| | সকাল ১১.৩০টা (আরম্ভ) | চাক সাংগ্রাইং সংগীতে নৃত্য |
| | দুপুর ০২.৩০টা (আরম্ভ) | খুমী সাংক্রাইং সংগীত |
| | বিকাল ০৪.০০টা (আরম্ভ) | খুমী সাংক্রাইং সংগীতে নৃত্য |
| ০৮.০৪.২০২১ বৃহস্পতিবার | সকাল ০৯.৩০টা (আরম্ভ) | বক্তৃতা (বাংলায়) : নির্ধারিত বিষয় |
| | সকাল ১১.৩০টা (আরম্ভ) | কবিতা আবৃত্তি : নির্ধারিত কবিতা |
| | দুপুর ০২.৩০টা (আরম্ভ) | বক্তৃতা : নির্ধারিত বিষয় --- চাকমা ভাষায় |
| | বিকাল ০৪.০০টা (আরম্ভ) | বক্তৃতা : নির্ধারিত বিষয় --- মারমা ভাষায় |
| ০৯.০৪.২০২১ শুক্রবার | সকাল ০৯.৩০টা (আরম্ভ) | বক্তৃতা : নির্ধারিত বিষয় --- ত্রিপুরা ভাষায় |
| | সকাল ১১.৩০টা (আরম্ভ) | বক্তৃতা : নির্ধারিত বিষয় --- ম্রো ভাষায় |
| | দুপুর ০২.৩০টা (আরম্ভ) | বক্তৃতা : নির্ধারিত বিষয় --- তঞ্চঙ্গ্যা ভাষায় |
| | বিকাল ০৪.০০টা (আরম্ভ) | বক্তৃতা : নির্ধারিত বিষয় --- খেয়াং ভাষায় |
| ১০.০৪.২০২১ শনিবার | সকাল ০৯.৩০টা (আরম্ভ) | বক্তৃতা : নির্ধারিত বিষয় --- চাক ভাষায় |
| | সকাল ১১.৩০টা (আরম্ভ) | বক্তৃতা : নির্ধারিত বিষয় --- খুমী ভাষায় |

২৮.০৩.২০২১

( মং নু চিং )
পরিচালক (চলতি দায়িত্ব)
ফোন : (০৩৬১)-৬২৪২৪
E-mail: dir.ksibban@gmail.com

২৮/৩/২০২১

নং - ক্ষুসাই/বা-বান/সঃ ১৩/২০২১/ ৭২৫ তারিখ : ২৮ মার্চ ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :-

১। মাননীয় চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান।

২। জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।

৩। জনাব সিংইয়ং ম্রো, আহ্বায়ক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট বিষয়ক কনভেনিং কমিটি ও সম্মানিত সদস্য, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান।

অনুলিপি সদয় অবগতি ও সংবাদ বিজ্ঞপ্তি আকারে ব্যাপক প্রচারের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :-

৪। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, বান্দরবান।
(দৃষ্টি আকর্ষণ : বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, বান্দরবান)

৫। জেলা শিক্ষা অফিসার, বান্দরবান পার্বত্য জেলা।

৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বান্দরবান পার্বত্য জেলা।

৭। জেলা তথ্য অফিসার, বান্দরবান পার্বত্য জেলা।

৮। ______________________________
______________________________

২৮.০৩.২০২১
( মং নু চিং )
পরিচালক (চলতি দায়িত্ব)

নং - ক্ষুসাই/বা-বান/সঃ ১৩/২০২১/ ৭২৫ ২৮/৩/২১ তারিখ : ২৮ মার্চ ২০২১

অনুলিপি সদয় অবগতির জন্য :-

০১। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। যুগ্মসচিব (অনুষ্ঠান), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। উপসচিব, পরিমেয় ঐতিহ্য শাখা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। ______________________________
সম্মানিত সদস্য, নির্বাহী পরিষদ, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :-

০৫। মেয়র, বান্দরবান/ লামা পৌরসভা, বান্দরবান পার্বত্য জেলা।

০৬। চেয়ারম্যান, বান্দরবান সদর/রোয়াংছড়ি/রুমা/থানচি/লামা/আলীকদম/নাইক্ষ্যংছড়ি উপজেলা পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা।

০৭। উপজেলা নির্বাহী অফিসার, বান্দরবান সদর/রোয়াংছড়ি/রুমা/থানচি/লামা/আলীকদম/নাইক্ষ্যংছড়ি উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।

০৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বান্দরবান সদর/রোয়াংছড়ি/রুমা/থানচি/লামা/আলীকদম/নাইক্ষ্যংছড়ি উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।

০৯। উপজেলা শিক্ষা অফিসার, বান্দরবান সদর/রোয়াংছড়ি/রুমা/থানচি/লামা/আলীকদম/নাইক্ষ্যংছড়ি উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।

১০। সংশ্লিষ্ট নথি/ নোটিশ বোর্ড (প্রশাসনিক ভবন/ প্রশিক্ষণ কেন্দ্র)।

২৮.০৩.২০২১
( মং নু চিং )
পরিচালক (চলতি দায়িত্ব)

<u>ক-শাখা</u>

# নববর্ষের বার্তা

**--- ফয়জুল কবীর**

উচ্ছ্বাসের এই দিনে নবীন
ছড়াও প্রেমের বার্তা
তোমরা জাতির ধরবে হাল
আর হবে দেশের কর্তা।

শোষণ জুলুম রুখে দাঁড়াও
তাড়াও দুখের দিন
সব বেদনা ভুলে বাজাও
হেথায় সুখের বীণ।

এদেশ আমার জন্মভূমি
এদেশ আমার প্রাণ
কাঁদলে কেউ দুখে
পড়ে হৃদয় সুতোয় টান।

পুরনো সব দুঃখ ভুলে
ফিরে এলো নববর্ষ
সব ভেদাভেদ ভুলে বাজাও
ন্যায় শাসনের হর্ষ।

খ-শাখা

## বর্ষবরণ

--- **মুহাম্মাদ মিজানুর রহমান**

কালের আবর্তনে, নিভৃতে সঙ্গোপনে
ক্রমশ পুরনোর ক্ষয়,
মানে না কোন বাধা, অটুট শৃঙ্খল বাঁধা
অবিরাম গতি, তাল, লয়;
ঋতুরাজ গেল চলে, শেষ কথাটি বলে
মনে রেখ এ-ই শেষ নয়,
মহাকাল চক্র ফেরে, অতীতের গহ্বরে
হারাবে সব জেনো নিশ্চয়;
কত প্রাণ গেল ঝরে, কদাচিৎ মনে পড়ে
কত স্মৃতি পাতা জুড়ে রয়,
কত মনীষীর বাণী, হটাতে জগৎগ্লানি
হয়ে আছে আজো অক্ষয়;
এভাবে চলে যাবে, একদিন শেষ হবে
হয়ে যাবে জীবনের ক্ষয়,
কিছু কাজ করে রাখি, দিন যে কটা বাকি
জীবন তো খুব বড় নয়;
পুরনোরে না ভুলে, নতুনের খাতা খুলে
এসো গড়ি নতুন সময়,
গাই তবে জয়গান, জীবনের ঐকতান
জয় হোক, নতুনের জয়।

<u>গ-শাখা</u>

## নববর্ষে

**--- রবীন্দ্রনাথ ঠাকুর**

নিশি অবসানপ্রায়, ওই পুরাতন
বর্ষ হয় গত!
আমি আজি ধূলিতলে এ জীর্ণ জীবন
করিলাম নত।
বন্ধু হও, শত্রু হও, যেখানে যে কেহ রও,
ক্ষমা করো আজিকার মতো
পুরাতন বরষের সাথে
পুরাতন অপরাধ যত।

আজি বাঁধিতেছি বসি সংকল্প নূতন
অন্তরে আমার,
সংসারে ফিরিয়া গিয়া হয়তো কখন
ভুলিব আবার।
তখন কঠিন ঘাতে এনো অশ্রু আঁখিপাতে
অধমের করিয়ো বিচার।
আজি নব-বরষ-প্রভাতে
ভিক্ষা চাহি মার্জনা সবার।

আজ চলে গেলে কাল কী হবে না-হবে
নাহি জানে কেহ,
আজিকার প্রীতিসুখ রবে কি না-রবে
আজিকার স্নেহ।
যতটুকু আলো আছে কাল নিবে যায় পাছে,
অন্ধকারে ঢেকে যায় গেহ ---
আজ এসো নববর্ষদিনে
যতটুকু আছে তাই দেহো।

বিস্তীর্ণ এ বিশ্বভূমি সীমা তার নাই,
কত দেশ আছে!
কোথা হতে কয় জনা হেথা এক ঠাঁই
কেন মিলিয়াছে?
করো সুখী, থাকো সুখে প্রীতিভরে হাসিমুখে
পুষ্পগুচ্ছ যেন এক গাছে ---
তা যদি না পার চিরদিন,
একদিন এসো তবু কাছে।

সময় ফুরায়ে গেলে কখন আবার
কে যাবে কোথায়,
অনন্তের মাঝখানে পরস্পরে আর
দেখা নাহি যায়।
বড়ো সুখ বড়ো ব্যথা চিহ্ন না রাখিবে কোথা,
মিলাইবে জলবিম্ব প্রায় ---
একদিন প্রিয়মুখ যত
ভালো করে দেখে লই আয়!

আপন সুখের লাগি সংসারের মাঝে
তুলি হাহাকার!
আত্ম-অভিমানে অন্ধ জীবনের কাজে
আনি অবিচার!
আজি করি প্রাণপণ করিলাম সমর্পণ
এ জীবনে যা আছে আমার।
তোমরা যা দিবে তাই লব,
তার বেশি চাহিব না আর।

লইব আপন করি নিত্যধৈর্যভরে
দুঃখভার যত,
চলিব কঠিন পথে অটল অন্তরে
সাধি মহাব্রত।
যদি ভেঙে যায় পণ, দুর্বল এ শ্রান্ত মন
সবিনয়ে করি শির নত
তুলি লব আপনার ’পরে
আপনার অপরাধ যত!

যদি ব্যর্থ হয় প্রাণ, যদি দুঃখ ঘটে ---
ক'দিনের কথা!
একদা মুছিয়া যাবে সংসারে পটে
শূন্য নিষ্ফলতা।
জগতে কি তুমি একা? চতুর্দিকে যায় দেখা
সুদুর্ভর কত দুঃখব্যথা।
তুমি শুধু ক্ষুদ্র একজন,
এ সংসারে অনন্ত জনতা।

যতক্ষণ আছ হেথা স্থিরদীপ্তি থাকো,
তারার মতন।
সুখ যদি নাহি পাও, শান্তি মনে রাখো
করিয়া যতন।
যুদ্ধ করি নিরবধি বাঁচিতে না পার যদি,
পরাভব করে আক্রমণ,
কেমনে মরিতে হয় তবে
শেখো তাই করি প্রাণপণ।

জীবনের এই পথ, কে বলিতে পারে
বাকি আছে কত?
মাঝে কত বিঘ্নশোক, কত ক্ষুরধারে
হৃদয়ের ক্ষত?
পুনর্বার কালি হতে চলিব সে তপ্ত পথে,
ক্ষমা করো আজিকার মতো ---
পুরাতন বরষের সাথে
পুরাতন অপরাধ যত।

ওই যায়, চলে যায় কালপরপারে
মোর পুরাতন।
এই বেলা, ওরে মন, বল্ অশ্রুধারে
কৃতজ্ঞ বচন।
বল্ তারে --- দুঃখসুখ দিয়েছ ভরিয়া বুক,
চিরকাল রহিবে স্মরণ,
যাহা-কিছু লয়ে গেলে সাথে
তোমারে করিনু সমর্পণ।

ওই এল এ জীবনে নূতন প্রভাতে
নূতন বরষ ---
মনে করি প্রীতিভরে বাঁধি হাতে হাতে,
না পাই সাহস।
নব অতিথিরে তবু ফিরাইতে নাই কভু ---
এসো এসো নূতন দিবস!
ভরিলাম পূণ্য অশ্রুজলে
আজিকার মঙ্গলকলস।